

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd



নং-৩৪.০১.০০০০.০০৫.২৩.০০৭.২২-৩৫১

তারিখঃ ২৩/০২/২০২৩ খ্রিঃ।


বিষয় : শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন।

সূত্র : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পত্র নং ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৪.২২.৫৭, তারিখ ০৬ ফেব্রুয়ারি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে:

নং	গৃহীত কর্মসূচি	বাস্তবায়নে/মন্তব্য
১।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াদীন দপ্তর / সংস্থাসমূহের ভবনসমূহে (প্রযোজ্য ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যালয়সহ) শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে(২১-০২-২০২৩খ্রি.) সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ	(১) মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর (২) উপপরিচালকের কার্যালয়, ৬৪ জেলা (৩) যুব প্রশিক্ষণ কেন্দ্র, ৬৪ জেলা (৪) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় (সকল উপজেলা)
২।	যুব উন্নয়ন অধিদপ্তর জেলা, উপজেলা পর্যায়ে যুব সমাজকে সম্পৃক্ত করে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন	যুব উন্নয়ন অধিদপ্তরাদীন জেলা, উপজেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রধানগণ তার আওতাধীন কর্মকর্তা-কর্মচারীসহ, যুব প্রশিক্ষার্থীগণ, আত্মকর্মী-উদ্যোক্তা ও নিবন্ধিত যুব সংগঠকদের অংশগ্রহণে “ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” ২০২৩ যথাযথভাবে উদযাপন করবে।
৩।	যুব উন্নয়ন অধিদপ্তর জেলা, উপজেলা পর্যায়ে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রনয়ণপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ	জেলার উপপরিচালক, কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগপূর্বক জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে।

০২। এমতাবস্থায়, উপরোক্ত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আজহারুল ইসলাম)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন : ২২৩৩৮৯৩৮৯।

প্রাপক :

- ১। উপপরিচালক/ যুব উন্নয়ন অধিদপ্তর, (৬৪ জেলা)।
- ২। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ৩। কো-অর্ডিনেটর (সকল)/ ডেপুটি কো-অর্ডিনেটর (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর
.....।
- ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা
..... জেলা।

অনুলিপি :

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক,----- (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সহকারী (সমন্বয় শাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (Web Site-এ প্রকাশের অনুরোধসহ)।